



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেলেন

অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৪ মার্চ ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অদ্য ৪ মার্চ ২০২৪ তারিখ শিক্ষা মন্ত্রণালয় এবিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সহকারী সচিব শতরূপা তালুকদার স্বাক্ষরিত এ প্রজ্ঞাপনে বলা হয়, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া-কে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদ হতে অব্যাহতি প্রদানপূর্বক উক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে আগামী ৪ বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো। উল্লেখ্য, অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া ২০২২ সালের ১৯ এপ্রিল বরিশাল বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার হিসেবে যোগদান করেছিলেন। এর পাশাপাশি গত ৮ নভেম্বর ২০২৩ তারিখ থেকে তিনি বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের রুটিন দায়িত্ব পালন করে আসছিলেন। অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর হিসেবে অত্যন্ত সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া একজন জনপ্রিয় কলামিস্ট ও মিডিয়া ব্যক্তিত্ব হিসেবেও ব্যাপকভাবে পরিচিত।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪-০৩-০৪

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়